

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-৩৭

তারিখ- ১০/০১/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত জনাব মোঃ জমশেদ আলী, স্টোরকিপার, ঢাকাস্থ প্রতিষ্ঠানে বদলী সংক্রান্ত।

সূত্রঃ ৫৭.০০.০০০০.০২৬.১৯.০০১.১৮.৩৬৭/১(৪), তারিখঃ ০৬ ডিসেম্বর ২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জমশেদ আলী, স্টোরকিপার এর বদলীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

জনাব মোঃ জমশেদ আলী, স্টোরকিপার কে বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, ঢাকা এর অধ্যক্ষের কার্যালয়ের স্মারক নং- বাইগাসি/পিএফ-১৪৩/৫৬৫ তারিখ- ২০/১২/২০১৫ খ্রিঃ মোতাবেক প্রেরিত পত্রের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৫-৮৭৪, তারিখ- ২৪/১২/২০১৫ খ্রিঃ মোতাবেক ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে বদলী করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস হতে স্মারক নং- বাইগাসি/ব্যক্তি-১৪৩/১২(১৮), তারিখ-০৫/০১/২০১৬ খ্রিঃ মোতাবেক তাকে ০৬/০১/২০১৬ খ্রিঃ তারিখ হতে ছাড়পত্র দেয়া হলেও তিনি যথাসময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১৬.১৫/৪১(৩), তারিখ-২১/০১/২০১৬ খ্রিঃ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জবাব দাখিল করেননি। বিধায় জবাব গ্রহণযোগ্য নয়।

উল্লেখ্য, জনাব মোঃ জমশেদ আলী, স্টোরকিপার বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস এর স্টোর এর দায়িত্ব অদ্যাবধি হস্তান্তর করেননি। বিধায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, ঢাকা এর ২০১৬-২০১৭ অর্থ বছর এর সার্বিক কার্যক্রম ও বার্ষিক ক্রয় প্রক্রিয়া ব্যাহত হয়।

জনাব জমশেদ আলী, স্টোরকিপার বদলী আদেশের প্রেক্ষিতে ছাড়পত্র প্রদানের ৪১ দিন পরে ১৭/০২/২০১৬ খ্রিঃ তারিখে বদলীকৃত কর্মস্থল ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে যোগদান করেন। যোগদানের পর হতে বিভিন্ন মেয়াদে ১৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে ১০/০৩/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫ দিন তিনি নৈমিত্তিক ছুটিতে ছিলেন। অতঃপর ১১/০৩/২০১৬ খ্রিঃ তারিখ সর্বশেষ মৌখিকভাবে ২ দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১৬.১৫-১৩১, তারিখ- ০৩/০৩/২০১৮ খ্রিঃ মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। কিন্তু তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে কোন জবাব প্রেরণ করেননি। অতঃপর তাকে ২য় বার কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। নোটিশের প্রেক্ষিতে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জবাব দাখিল করেননি যা গ্রহণযোগ্য নয়।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-১৪৫, তারিখ- ১৫/০৩/২০১৮খ্রিঃ মোতাবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দেখা যায় তিনি ৯৯১ (নয় শত একানব্বই) দিন একটানা কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং তিনি বদলীকৃত প্রতিষ্ঠান হতে ছাড়পত্র গ্রহণ ও দায়িত্ব হস্তান্তর না করায় সরকারী কর্তব্য কাজে অবহেলা করছেন মর্মে প্রমাণিত হয়েছে।

তদন্ত প্রতিবেদন এর প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-০৬, তারিখ- ০৩/০১/২০১৯ খ্রিঃ মোতাবেক তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ জমশেদ আলী, স্টোরকিপার এর ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট হতে ঢাকাস্থ প্রতিষ্ঠানে বদলীর বিষয়টি বিবেচনা করার সুযোগ নেই মর্মে প্রতীয়মান হয়।

স্বাক্ষরিত/-

(অশোক কুমার বিশ্বাস)

অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,

শিক্ষা মন্ত্রণালয়

পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-৩৭(৩)

তারিখ- ১০/০১/২০১৯খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১। অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

৩। সংরক্ষণ নথি।



(নাজমুন নাহার)

সহকারী পরিচালক-৩

কারিগরি শিক্ষা অধিদপ্তর।

ফোন-০২-৮১৮১২২৫